

ইউটিউব মিউজিকে লাইভ লিরিক্স চালু করছে গুগল

- A Monitor Desk Report

Date: 27 August, 2023



ইউটিউব মিউজিকে গান শোনার সঙ্গে সঙ্গে লিরিক্স বা কথাও দেখা যাবে। গান শোনার জনপ্রিয় প্ল্যাটফর্ম স্পটিফাইয়ের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকতে এই সেবা আনছে গুগল। লাইভ লিরিক্স চালু হলেও এখনই সব গানে পাওয়া যাবে না।

প্রযুক্তি বিষয়ক ওয়েবসাইট গ্যাজেট ৩৬০ এক প্রতিবেদনে বলছে, ইউটিউব মিউজিকের লাইভ লিরিক্স ফিচার অ্যান্ড্রয়েড ও আইওএস উভয় ডিভাইসে ব্যবহার করা যাবে। ইউটিউব মিউজিকে ফিচারটি গত এপ্রিলে প্রথম দেখা যায়। শিগগিরই ফিচারটি সবাই ব্যবহার করতে পারবে। যদিও এখনই সব গানের ক্ষেত্রে লিরিক্স পাওয়া যাবে না।

গুগল নিয়ে তথ্যদাতা ওয়েবসাইট নাইনটুফাভ বলছে, গানের যে অংশটি যখন বাজবে তখন গানের কথা সাদা রঙে স্ক্রিনে দেখা যাবে। আর বাকি অংশ ক্ষীণভাবে ধূসর রঙে দেখা যাবে।

এই লাইভ লিরিক্স ফিচারের সুবিধা পেতে হলে ব্যবহারকারীকে এমন একটি গান চালাতে হবে যার সঙ্গে লিরিক্স রয়েছে। স্ক্রিনে গানটি চালু হলে লিরিক্স ট্যাগটি চালু করতে হবে। এই লিরিক্স যদি ব্যবহারকারীরা দেখতে না পারে তাহলে রিসেন্ট অ্যাপ থেকে অ্যাপটি বন্ধ করতে হবে। এরপর নতুন করে অ্যাপটিতে ঢুকতে হবে।

সূত্রটি থেকে আরও জানা যায়, অ্যান্ড্রয়েড ভার্সনের ৬.১৫ ও আইওএসের ৬.১৬ ভার্সনের ইউটিউব অ্যাপে এই ফিচারটি পাওয়া যাবে। এই ফিচার গত এপ্রিলে চালুর পর থেকে লিরিক্সের টেক্সট সাইজ ও স্পেসিং আগের চেয়ে বড় দেখা যায়।

আরও পড়ুন: [বৈশ্বিক পর্যটন অর্থনীতি ১৫ ট্রিলিয়ন ডলার অতিক্রম করবে](#)

২০২০ সালের জুন মাসে পরীক্ষামূলকভাবে অল্প কিছু দেশে লাইভ লিরিক্স চালু করে স্পটিফাই। পরবর্তীতে ২০২১ সালের নভেম্বরের মধ্যে এই ফিচারটি আরও অনেক দেশে চালু করা হয়।

